# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৮৫]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৬৩: মাগরিবে “সাব্বিহিসমা রব্বিকাল আলা-” পড়া

القراءة في المغرب بسبح اسم ربك الأعلى

আরবী

خْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قال: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ، قال: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَارِبِ بْنِ دِثَارٍ، عَنْ جَابِرٍ، قال: مَرَّ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ بِنَاضِحَيْنِ عَلَى مُعَاذٍ وَهُوَ يُصَلِّي الْمَغْرِبَ فَافْتَتَحَ بِسُورَةِ الْبَقَرَةِ فَصَلَّى الرَّجُلُ، ثُمَّ ذَهَبَ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَفَتَّانٌ يَا مُعَاذُ، أَفَتَّانٌ يَا مُعَاذُ أَلَّا قَرَأْتَ سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى وَ الشَّمْسِ وَضُحَاهَا وَنَحْوِهِمَا.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٨٣٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 985 - صحيح

বাংলা

৯৮৪. মুহাম্মাদ ইবনু বাশশার (রহ.) ..... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক আনসারী ব্যক্তি দু’টি উট নিয়ে মু’আয (রাঃ)-এর নিকট গেলেন। তখন তিনি মাগরিবের সালাত আদায় করছিলেন। তিনি সূরাহ বাক্বারাহ শুরু করলেন। ঐ ব্যক্তি (পৃথকভাবে) সালাত আদায় করে চলে গেল। এ কথা নবী (সা.) -এর কাছে পৌছলে তিনি বললেন, হে মু’আয! তুমি কি (লোকেদের) ফিতনা ও কষ্টে ফেলতে চাও? হে মু’আয! তুমি কি (লোকেদের) ফিতনা ও কষ্টে ফেলতে চাও? তুমি কেন “সাব্বিহিসমা রব্বিকাল আ’লা-” (৮৭ সূরা আল আ’লা) অথবা “ওয়াশশামসি ওয়াযুহা-হা-” (৯১. সূরাহ্ আহ্ শামস) অথবা এ জাতীয় সূরাহ পাঠ করলে না?

## English

63. Reciting: "Glorify The Name Of Your Lord, The Most High" In Maghrib

It was narrated that Jabir said: A man from among the Ansar passed Mu'adh leading two camels, when he (Mu'adh) was praying maghrib, and he was starting to recite Al-Baqarah. So that man prayed then went away. News of that reached the Prophet (ﷺ) and he said: 'Do you want to cause hardship to the people, O Mu'adh; do you want to cause hardship to the people, O Mu'adh? Why don't you recite: 'Glorify the Name of your Lord, the Most High' and 'By the sun and its brightness' and the like?'

## ফুটনোট

সহীহ: বুখারী ৭০৫। [দ্রঃ ৮৩১]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন